

একই তারিখ ও স্মারকে স্থালাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
শিশু কল্যাণ ট্রাস্ট  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন  
মিরপুর-২, ঢাকা-১২১৬  
[www.skt.gov.bd](http://www.skt.gov.bd)

স্মারক নং-৩৮.০১.০০০০.০২০.০১.০১৫.২১-১০৫৪

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮ ব:  
৩০ জুন ২০২১ খ্রি:

### অফিস আদেশ

বিষয়: বিদ্যালয় পরিচালনা কমিটিতে সদস্য হিসেবে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষককে অন্তর্ভুক্তিকরণ।

শিশু কল্যাণ ট্রাস্টের অধীন প্রাথমিক বিদ্যালয়গুলি (ঢাকা মহানগর ব্যতীত) সুষ্ঠু পরিচালনার জন্য ট্রাস্টি বোর্ডের ৫৫ তম সভার সিদ্ধান্তক্রমে ২২/০৯/২০১৬ তারিখের ৩৮.১৭৯.০০০০.০৪.১০.২০১৬-৩৬১ নং স্মারকে গঠিত পরিচালনা কমিটিতে সদস্য হিসেবে ট্রাস্টের সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষককে অন্তর্ভুক্তক্রমে পরিচালনা কমিটির কাঠামো পুনর্বিদ্যায়ন করা হলো।

#### ১. জেলা সদরে অবস্থিত বিদ্যালয়সমূহের জন্য কমিটি গঠনঃ-


ক. জেলা প্রশাসক	সভাপতি
খ. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার	সদস্য সচিব
গ. সিভিল সার্জন	সদস্য
ঘ. উপপরিচালক, সমাজসেবা (সংশ্লিষ্ট জেলার)	সদস্য
ঙ. জেলার দুইজন বিশিষ্ট সমাজসেবী (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)	সদস্য
চ. জেলা সদরের একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত)	সদস্য
ছ. শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সংশ্লিষ্ট)	সদস্য

#### ২. জেলা সদরের বাইরে অবস্থিত বিদ্যালয়সমূহের জন্য কমিটি গঠনঃ-

ক. উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
খ. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার	সদস্য সচিব
গ. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলার)	সদস্য
ঘ. উপজেলা সমাজসেবা কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলার)	সদস্য
ঙ. জেলার ২ (দুই) জন বিশিষ্ট সমাজসেবী (সংশ্লিষ্ট উপজেলার) (জেলা প্রশাসন কর্তৃক মনোনীত)	সদস্য
চ. জেলা সদরের একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সংশ্লিষ্ট উপজেলার) (জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত)	সদস্য
ছ. শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সংশ্লিষ্ট উপজেলার)	সদস্য

#### ৩. কমিটিসমূহের কার্যপরিধিঃ

- শিশু কল্যাণ ট্রাস্টের অধীন প্রাথমিক বিদ্যালয়গুলিতে ভাগ্যাহত, সুবিধা বঞ্চিত, হতদরিদ্র এবং নিজ প্রচেষ্টায় ও শ্রমে ভাগ্যোন্নয়নে প্রয়াসী শ্রমজীবী বালক বালিকাদের শিক্ষাদানের উপযোগী আদর্শ শিক্ষা কেন্দ্র হিসেবে গড়ে তোলার জন্য সকল ব্যবস্থা গ্রহণ করা।
- বিদ্যালয়গুলিতে যাতে নিয়মিত ক্লাস হয় এবং ছাত্র/ছাত্রীদের উপস্থিতি যেন সন্তোষজনক হয় তা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- বিদ্যালয়ের শিক্ষক/কর্মচারীদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন।
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় সকল প্রকার প্রাপ্য ছুটি ও প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- বিদ্যালয়ের স্থাবর ও অস্থাবর সম্পত্তির সু-রক্ষণ ব্যবস্থাপনা।
- কমিটি প্রতিমাসে ০১ (এক) বার সভা অনুষ্ঠান করবে।



(মোঃ আবুল কালাম)  
পরিচালক (উপসচিব)  
ফোন নং-৫৫০৭৪৮৮৪

ই মেইল-skt dpe@gmail.com